

বনিকবার্তা বুধবার, মে ৮, ২০২৪ ■ বৈশাখ ২৫, ১৪৩১



নর্থ সাউথ ইউনিভার্সিটিতে আন্তর্জাতিক নদীবিষয়ক সম্মেলন শুরু

নর্থ সাউথ ইউনিভার্সিটিতে (এনএসইউ) 'ট্রান্স-বাউন্ডারি রিভারস অব সাউথ এশিয়া : ফস্টারিং রিজিওনাল কোলাবোরেশন ফর এনভায়রনমেন্টাল সাসটেইনেবিলিটি' শীর্ষক দুদিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন হয়েছে। বিশ্ববিদ্যালয়ের সাউথ এশিয়ান ইনস্টিটিউট অব পলিসি অ্যান্ড গভর্নমেন্ট (এসআইপিজি), ম্যানচেস্টার বিশ্ববিদ্যালয়ের ভূগোল বিভাগ এবং বাংলাদেশের জাতীয় নদী রক্ষা কমিশনের (এনআরসিসি) উদ্যোগে সম্মেলনের আয়োজন করা হয়। সাউথ এশিয়ান নেটওয়ার্ক ফর পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন (স্যানপা) এ সম্মেলনের সহযোগী অংশীদার। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্যানপার প্রেসিডেন্ট প্রফেসর আখলাক হক, ম্যানচেস্টার বিশ্ববিদ্যালয়ের প্রভাষক ড. মেহেবুব সাহানা প্রমুখ।